# আপনি আপডেটেড কোভিড-১৯ টিকা নিয়েছেন কি?

## কারা আপডেটেড কোভিড-১৯ টিকা নিতে পারবেন ?

- <u>৬ মাস থেকে ৫ বছর বয়সী:</u> আপডেটেড ফাইজার-বায়োএনটেক (PFIZER-BIONTECH) অথবা মডার্না (MODERNA) কোভিড-১৯ টিকার এক বা একাধিক ডোজ লাগতে পারে আপ-টু-ডেট হবার জন্য।

- <u>৬ বছর এবং তার বেশি বয়সী:</u> আপডেটেড ফাইজার-বায়োএনটেক অথবা মডার্না কোভিড-১৯ টিকার ১টা ডোজ নিবেন আপ-টু-ডেট থাকার জন্য।

- <u>৬৫ বছর এবং তার বেশি বয়সী:</u> আপডেটেড ফাইজার-বায়োএনটেক অথবা মডার্না কোভিড-১৯ টিকার ২য় ডোজ লাগতে পারে।

কোভিড-১৯ টিকার ডোজ প্রয়োজন অনুযায়ী পরিবর্তিত হতে পারে

## আমার আগে একবার কোভিড হয়েছিল। আমার কি এখন কোভিড-১৯ টিকা নেওয়া উচিত?

আপনার বা আপনার সন্তানের যদি কোভিড -১৯ হয় তবুও আপডেটেড টিকা নেওয়া উচিত। কারো সম্প্রতি কোভিড -১৯ হলেও আপ-টু-ডেট টিকা নিতে হবে; তবে এক্ষেত্রে আপনি টিকা ৩ মাস বিলম্বিত করতে পারেন:

- যখন আপনার লক্ষণগুলি শুরু হয়েছিল।
- অথবা যদি কোন লক্ষণ না থাকে, যখন আপনি প্রথম পজিটিভ ফলাফল পেয়েছিলেন।

## কোভিড-১৯ টিকা নেয়ার পর সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া

- ক্লান্তিবোধ, পেশী ব্যথা, জ্বর বা শীত লাগা, ইনজেকশন দেবার স্থানে ব্যথা এবং জয়েন্টে ব্যথা দেখা দিতে পারে।
- পার্শ্ব প্রতিক্রিয়া স্বাভাবিক এবং সাধারণত কয়েকদিনের মধ্যে চলে যায়।
- কয়েকদিন পর যদি পার্শ্বপ্রতিক্রিয়া সেরে না যায় তাহলে আপনার ডাক্তারের সাথে যোগাযোগ করুন।
- আপনার যদি কোনো পার্শ্বপ্রতিক্রিয়া নাও হয় তবুও আপনার শরীর ঠিকই কোভিড-১৯ ভাইরাস এর বিরুদ্ধে প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলছে।

বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন অব নর্থ আমেরিকা
এস.এইচ.কে. গ্লোবাল হেল্থ




## পার্শ্বপ্রতিক্রিয়া উপশম করার জন্য সহায়ক পরামর্শ

- টিকা দেওয়ার স্থানে একটি পরিষ্কার, ঠান্ডা, ভেজা তোয়ালে লাগান।
- আপনার হাত সচল রাখুন।
- সম্ভব হলে বিশ্রাম নিন।
- প্রচুর তরল পান করুন।
- আরামদায়ক পোশাক পরুন।

ডাক্তারের পরামর্শ নিয়ে প্রেসক্রিপশন-বিহীন ওষুধ গুলো খাবেন - যেমন আইবুপ্রোফেন, অ্যাসিটামিনোফেন,অ্যাসপিরিন (শুধুমাত্র ১৮ বছর বা তার উপর), এন্টিহিস্টামিন।পার্শ্বপ্রতিক্রিয়া কমানোর জন্য টিকা নেবার আগে এসব ওষুধ খাওয়া সুপারিশকৃত নয় কারণ এরা টিকার কার্যকারিতা ব্যাহত করতে পারে।

## কখন মাস্ক পরিধান করবেন?

- কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তি অথবা তাদের সেবাপ্রদানকারীর জন্য মাস্ক পরিধান খুব গুরুত্বপূর্ণ।
- যাদের সংক্রমন ঝুকি বেশি( বয়স্ক,শারিরীকভাবে অসুস্থ এবং গর্ভবতী মহিলা ); এবং তাদের সাথে বসবাসরত অথবা সাক্ষাতরত ব্যক্তি।

## শেষ কিছু কথা...

বর্তমানে কোভিড-১৯ গাইডলাইন এবং বিধি-নিষেধ সমূহ শিথিল হয়েছে আর জীবনযাত্রা স্বাভাবিক ভাবে চলছে। তবে এখনো কিন্তু আমাদের ন্যূনতম স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

- সম্ভাব্য সংক্রমণ প্রতিরোধের জন্য কোলাহলপূর্ণ এলাকা এড়িয়ে চলুন।
- সামাজিক দূরত্ব বজায় রাখুন।
- ঘনঘন  হাত ধুলে (কমপক্ষে ২০ সেকেন্ড) সংক্রমণ ঝুঁকি কমে।
- অসুস্থ হলে ঘরে থাকুন।
- কোভিড উপসর্গ দেখা দিলে পরীক্ষা করান।
- উপসর্গ থাকুক বা না থাকুক কোভিড রোগীর সংস্পর্শ এড়িয়ে চলুন। সম্ভব হলে হোম আইসোলেশন শেষ হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।









মূল কথা: সি.ডি.সি. (সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন)
অনুবাদক: ডা. অনোমা বড়ুয়া, ডা. ফারজানা মাসুদ, ডা. এ এম্রই, ডা. মো: ইউসুফ আল মামুন, ডা. সুহেলা খান।
*Image attribution: Freepik.com*
২০২৩

বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন অব নর্থ আমেরিকা
এস.এইচ.কে. গ্লোবাল হেল্থ

This publication was partially funded by the CDC Cooperative Agreement CDC-RFA-IP21–2106 and NCAPIP.